

## অষ্টম অধ্যায় :

রাসুল হলেন আল্লাহ ও বান্দার মধ্যে যোগাযোগের মাধ্যম  
মানবদেহে ৪টি বস্তু রয়েছে। যথাঃ (১) দেহ (২) উপশিরা (৩) ক্বলব (৪)  
রুহ বা আত্মা। ক্বলব শরীরে রক্ত সঞ্চালন করে শিরা উপশিরার মাধ্যমে-  
আবার ক্বলবকে পরিচালনা করে রুহ। তদ্রূপ আল্লাহ তায়ালা রাসুলে  
পাকের মাধ্যমে আমাদেরকে চারটি জিনিস দান করেছেন। (১) শরীয়ত  
(২) তরিকত (৩) হাকীকত (৪) মারেফাত। শরীয়ত দ্বারা তিনি আমাদের

কালেমার হাকীকত- ৫২

[www.sunnibarta.com](http://www.sunnibarta.com)

শরীর পাক করার শিক্ষা দিয়েছেন। তরিকত দ্বারা আমাদের চিন্তা চেতনা পবিত্র করেছেন। হাকীকত দ্বারা পাক করেছেন ক্বলবকে এবং মারেফাত দ্বারা পাক করেছেন আত্মাকে। এই জন্য এক বর্ণনায় এসেছে-

الشَّرِيعَةُ أَقْوَالِي- وَالطَّرِيقَةُ أَفْعَالِي- وَالْحَقِيقَةُ  
أَحْوَالِي- وَالْمَعْرِفَةُ أَسْرَارِي-

অর্থাৎ- “শরিয়ত আমার বাণী, তরিকত আমার কার্যাবলী, হাকীকত আমার বিশেষ হাল (ঐশী উন্মাদনা) এবং মারেফাত আমার গুপ্ত রহস্য”।

এটা জানা একান্ত প্রয়োজন- শরিয়তের কেন্দ্র হলো নবী মোস্তাফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর জবান মোবারক। তরিকতের কেন্দ্র হলো নবীজীর -সিনা মোবারক। হাকীকতের কেন্দ্র হলো নবীজির রুহ মোবারক। মারেফাতের কেন্দ্র হলো নবীজির গোপন ভেদ বা হাকীকতে মোহাম্মদীর তত্ত্বজ্ঞান।

আমাদের দেহে নফসে আশ্ফারা নামক একটি কুপ্রবৃত্তি রয়েছে। এটাকে পানি দ্বারা পাক করা যায় না। এটাকে পাক করা যায় একমাত্র এশ্কে রাসুল বা হুস্বের রাসুল দ্বারা।

সৃষ্টির জন্য রাসুলের এত বেশী প্রয়োজন- যেমন প্রয়োজন মৃত জমীনের জন্য বৃষ্টির। জমির কোন অংশই যেমন পানিমুক্ত হতে পারে না- তেমনিভাবে আমাদের হায়াত, মউত, কবর, হাশর, নশর- সবকিছুই রাসুল বিহীন অবস্থায় থাকতে পারেনা। ইহজগত ও পরজগতে রাসুল ছাড়া গতি নেই। কবরে রাসুল সম্পর্কে পরীক্ষা হবে। হাশরে রাসুলের সুপারিশেই বিচার অনুষ্ঠান শুরু হবে। দোজখীরা রাসুলের সুপারিশে নাজাত পাবে। বেহেশ্তীরা রাসুলের সুপারিশে উচ্চ মর্যাদা লাভ করবে। ৪৯০ কোটি লোক শুধু রাসুলের সুপারিশেই বিনা হিসাবে জান্নাতে প্রবেশ করবে। (হাদিকাতুন নাদিয়া- আল্লামা আবদুল গণী নাবলুহী)।